

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।  
[www.jdpc.gov.bd](http://www.jdpc.gov.bd)

সূত্র নং ২৪.০৯.০০০০.০০০.০০.৩৯৯.১৯

তারিখঃ ১৭-১০-২০১৯

বিজ্ঞপ্তি

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)'র তালিকাভুক্ত সম্মানিত উদ্যোক্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০-২২ জানুয়ারী ২০২০ সময়ে জাপানের টোকিওতে অনুষ্ঠিতব্য Lifestyle Week-2020 শীর্ষক মেলা জাপানে অনুষ্ঠিত হবে।

০২। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের বিষয়ে আগ্রহী উদ্যোক্তাগণকে ব্যুরোর নির্ধারিত ফরমে পূরনকৃত আবেদনপত্র আগামী ১০ নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে ইপিবি'র মেলা ও প্রদর্শনী বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ করেছেন। উল্লেখ্য, প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর ভূত্বিকি (Subsidy) প্রদান করা হবে।

০৩। ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারনে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি'র উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারনে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরত যোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরত দেয়া হবে বলে ইপিবি'র পত্রে উল্লেখ করা হয়েছে।

০৪। উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী উদ্যোক্তাগণকে জেডিপিসি অফিসে ৩০.১০.২০১৯ তারিখের মধ্যে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিতরন:

১। জেডিপিসি'র সম্মানিত সকল উদ্যোক্তাগণ।